যোগাযোগ বিভাগ
ডাইরী নম্বরঃ ৩৭৫৪
তারিখঃ ০৮/০৮/২৩

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

Mujib's Bangladesh

নথি নং-৩০.৩১.০০০০.২২১.৫২.১০৮.০৫.৭৫৫ | তারিখ: ০৬/০৮/২০২৩ খ্রিঃ।

AA/৪০

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ মাহবুব আলম (পিতা-মৃত আব্দুল মালেক), প্রশাসনিক কর্মকর্তা সেমসু-তে কর্মরত থাকাকালীন গত ১১/০৯/২০২২ তারিখ হতে ০৫ (পাঁচ) দিনের নৈমিত্তিক ছুটিতে নিজ বাড়িতে যান এবং ছুটি ভোগ শেষে কাজে যোগদান করেননি;

২.০ যেহেতু, অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর পুনঃ অনুমতি গ্রহণ ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় গত ২২/১১/২০২২ তারিখ তার ব্যাখ্যা তলব করা হয় এবং পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হয়;

৩.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে তার নিকট হতে জবাব না পাওয়ায় ১৮/১২/২০২২ তারিখ তাগিদপত্র দেওয়া হয় এবং ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হয়;

৪.০ যেহেতু, তিনি ব্যক্তিগত WhatsApp নাম্বারে পত্র দেখেছেন, কিন্তু কোন জবাব দাখিল করেননি এবং অনুমোদিত ছুটি শেষ হওয়ার পর বিগত ১৮/০৯/২০২২ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটছে;

৫.০ যেহেতু, তার উক্তরুপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) ও (গ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় তার বিরুদ্ধে উক্ত অভিযোগ আনয়ন করে স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.৬৫.১২৪.০৫.৪৬, তারিখ: ১০/০১/২০২৩ মূলে বিভাগীয় মামলা নং-০১/২০২৩ রুজু করা হয়;

৬.০ যেহেতু, বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে কেন তাকে উক্ত প্রবিধানমালার বিধি ৫০(১)(খ)(উ) অনুযায়ী "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদন্ড অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না এ মর্মে অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

৭.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে তার নিকট হতে বিভাগীয় মামলার জবাব পাওয়া যায়নি এবং নির্ধারিত সময় অতিক্রান্তের পর তার ২২/০১/২০২৩ তারিখের স্বাক্ষরিত বিভাগীয় মামলা রুজু না করার বিষয়ে ব্যাখ্যা প্রদানের একখানা আবেদন ২৬/০১/২০২৩ তারিখে পাওয়া যায়, যা প্রবিধানমালা মোতাবেক গ্রহণযোগ্য না হওয়ায় বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

৮.০ যেহেতু, তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক ১১/০৫/২০২৩ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত দুটি অভিযোগের মধ্যে 'পলায়ন' এর অভিযোগ তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

৯.০ যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে 'পলায়ন' এর অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে ০৭/০৬/২০২৩ তারিখ ২য় বারের ন্যায় কারণ দর্শানো হলে তিনি জবাব দাখিল করেন;

পাতা-০২ দ্রষ্টব্য

১০.০ যেহেতু, তার দাখিলকৃত জবাব পর্যালোচনায় সন্তোষজনক হিসেবে বিবেচিত হয়নি এবং পরবর্তীতে কর্তৃপক্ষ স্বপ্রণোদিত হয়ে তাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে ২০/০৭/২০২৩ তারিখ শুনানি গ্রহণ করা হলে শুনানিকালে তিনি শারীরিক অসুস্থতার কথা জানালেও সুস্থতার পর কর্মস্থলে যোগদানের বিষয়ে কোন সদুত্তর দিতে পারেননি; এবং

১১.০ যেহেতু, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব পর্যালোচনায় সর্বশেষ ২৬/১১/২০২২ তারিখের পর তিনি অসুস্থতার বিষয়ে কর্তৃপক্ষকে আর কিছু অবহিত করেননি বা ছুটি মঞ্জুরি চেয়ে কোন আবেদন করেননি এবং এতে তার ইচ্ছাকৃতভাবে কর্মস্থলে অনুপস্থিতি স্পস্টত প্রতীয়মান।

১২.০ সেহেতু, জনাব মোঃ মাহবুব আলম, প্রশাসনিক কর্মকর্তা এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত কর্মকর্তার বিস্তারিত তদন্ত প্রতিবেদন ও মতামত, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ ও তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানি এবং নথিতে রক্ষিত সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট পর্যালোচনায় তার বিরুদ্ধে পলায়ন-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৪৯ (গ) অনুযায়ী 'পলায়ন'-এর দায়ে তাকে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৫০(১)(খ)(ঈ) অনুযায়ী তার প্রতি "চাকরি হতে অপসারণ" সূচক গুরুদণ্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলায় আনীত অভিযোগ এতদ্বারা নিষ্পত্তি করা হলো।

১৩.০ এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

০৮/৮/২০২৩

মোঃ মাহবুব আলম তালুকদার
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
☎ ৪১০৯১০০৫

বিতরণ:

১। নির্বাহী পরিচালক, সেমসু, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩। পরিচালক (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৪। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (সিএএবি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। উপ-পরিচালক (হিসাব নিরীক্ষা), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৬। সহকারী পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৭। বিমানবন্দর ব্যবস্থাপক, যশোর বিমানবন্দর, যশোর (আদেশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সদর দপ্তর প্রশাসন বিভাগকে অবহিত করার জন্য)।
৮। বিমানবন্দর ব্যবস্থাপক, শাহ মখদুম বিমানবন্দর, রাজশাহী।
৯। জনাব মোঃ মাহবুব আলম (পিতা-মৃত আব্দুল মালেক), প্রশাসনিক কর্মকর্তা
বর্তমান ঠিকানা: কয়েরদাঁগ, সপুরা, বোয়ালিয়া, রাজশাহী।
স্থায়ী ঠিকানা: গ্রাম-কাশীপুর, ডাক: গোপালনগর, থানা: ফরিদপুর, জেলা: পাবনা।
১০। প্রশাসনিক কর্মকর্তা, পদোন্নতি শাখা-২, প্রশাসন বিভাগ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১১। উচ্চমান সহকারী/অফিস সহকারী, প্রশাসন-১, ২ শাখা, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

০৮/৮/২০২৩

মোঃ মাহবুব আলম তালুকদার
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)